# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫০৭

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ (৮) সিয়াম কাযা করা প্রসঙ্গে - (একজন নারীর জন্য বৈধ রয়েছে, তার ফরয সিয়াম আগামী শা‘বান পর্যন্ত বিলম্বে কাযা করা)

## 8 ـ بَابُ قَضَاءِ الصَّوْمِ ـ ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْأَةِ أَنْ تُؤَخِّرَ قَضَاءَ صَوْمِهَا الْفَرْضِ إِلَى أَنْ يَأْتِيَ شَعْبَانُ

---

আরবী

3507 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ أَبِي عَوْنٍ قَالَ: حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ حُمَيْدٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ عَنْ يَزِيدَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الْهَادِ عَنْ مُحَمَّدِ بْنِ إِبْرَاهِيمَ التَّيْمِيِّ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ عَائِشَةَ أَنَّهَا قَالَتْ: إِنْ كَانَتْ إِحْدَانَا لَتُفْطِرُ فِي زَمَانِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَلَمْ تَقْدِرْ أَنْ تقضِيَهُ مَعَ النَّبِيِّ صلى الله عليه وسلم حَتَّى يَأْتِيَ شَعْبَانُ مَا كان النبي يَصُومُ فِي شَهْرٍ مَا كَانَ يَصُومُهُ فِي شَعْبَانَ كَانَ يَصُومُهُ إِلَّا قَلِيلًا بَلْ كَانَ يصومه كُلَّهُ

الراوي : عائشة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3507 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (4/ 98): م.

বাংলা

৩৫০৭. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সময়ে আমাদের কারো কারো সিয়াম ছুঁটে যেতো। অতঃপর তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে থাকার কারণে আগামী শা‘বান মাস না আসা পর্যন্ত সেই সিয়াম কাযা করতে পারতেন না। আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম শা‘বান মাসে যত সিয়াম রাখতেন, অন্য কোন মাসে এতো সিয়াম রাখতেন না। এই মাসে তিনি অল্প কয়েক দিন ব্যতীত প্রায় পুরো মাস বরং তিনি পুরো মাসই সিয়াম রাখতেন।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১১৪৬; নাসাঈ: ৪/১৫০-১৫১; ইবনুল জারুদ: ৪০০; মুয়াত্তা ইমাম মালিক: ১/৩০৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৬৭৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৯৮; সহীহুল বুখারী: ১৯৫০; আবূ দাউদ: ২৩৯৯; সহীহ ইবনু খুযাইমাহ: ২০৪৬; সুনান বাইহাকী: ৪/২৫২; বাগাবী: ১৭৭০; আত তায়ালিসী: ১৫০৯; তিরমিযী: ৭৮৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৪/৯৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92841

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন